দামুড়হুদা প্রেসক্লাবের কমিটি বিলুপ্ত আহবায়ক কমিটি গঠন

দীর্ঘ ১৬ বছর পর অসাংবাদিক এর হাত থেকে মুক্তি পেল দামুড়হুদা প্রেসক্লাব। দামুড়হুদা প্রেসক্লাবের বর্তমান কমিটি বিলুপ্ত করা হয়েছে। সেই সাথে নতুন ১১ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যা ৭ টার সময় দামুড়হুদা প্রেসক্লাবে এক জরুরী মিটিং এ সিদ্ধান্ত গৃহীত হয়। দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী ভার্চুয়ালী কনফারেন্সে যুক্ত হয়ে সেচ্ছায় পদত্যাগ করেন। এবিষয়ে প্রেসক্লাবের সিনিয়র সহ-সভাপতি হাফিজুর রহমান কাজলের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সর্বসম্মতিক্রমে প্রেসক্লাবের কমিটিকে বিলুপ্ত ঘোষণা করা হয়।

এসময় কমিটি বিলুপ্ত ঘোষণা করে উপস্থিত সকল সদস্যের সর্ব সম্মতি ক্রমে সাংবাদিক শামসুজ্জোহা পলাশ কে আহবায়ক, মিরাজুল ইসলাম মিরাজ কে যুগ্ম আহবায়ক ও তানজির ফয়সাল কে সদস্য সচিব করে ১১ সদস্য বিশিষ্ট নতুন কমিটি গঠন করা হয়। আহবায়ক কমিটির সদস্যরা হলেন, হাফিজুর রহমান কাজল, হাবিবুর রহমান, তাসির আহাম্মেদ, মোজাম্মেল শিশির, শাহাজামাল বাবু, আরিফুল ইসলাম মিলন, জাহাঙ্গীর আলম মানিক ও রকিবুল হাসান তোতা। সভায় আগামী ৩ মাসের মধ্যে পূর্নাঙ্গ কমিটি গঠন করা হবে বলে জরুরী সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক বহি:স্কার, কমিটি বিলুপ্ত

মুজিবনগর উপজেলা ছাত্রলীগ সম্পাদকের মাদক গ্রহনের ছবি ভাইরাল এবং সংগঠন পরিপন্থী কার্যকলাপের কারনে শেখ সাকিবকে বাংলাদেশ ছাত্রলীগ